

১২. প্রতিমন (প.৩)
১২. প্রতিমন
১৭. ১২. ২০১৯



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৪৬.৪২.০০৫.১৮-৮০

তারিখ: ১৭ ডিসেম্বর ২০১৯ খ্রি

বিষয়ঃ একাদশ জাতীয় সংসদের ২৮৫ চট্টগ্রাম-৮ নির্বাচনি এলাকার শুন্য আসনে উপ-নির্বাচন উপলক্ষে রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র গ্রহণ/বাতিলাদেশের বিরুদ্ধে সংক্ষুক পক্ষ কর্তৃক নির্বাচন কমিশনে দাখিলযোগ্য আপিলের শুনানি প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, The Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর Article 14(5) অনুযায়ী রিটার্নিং অফিসারের আদেশের বিরুদ্ধে নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর ৫ বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাতিল/গ্রহণদেশের বিরুদ্ধে কোন প্রার্থী বা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের পরবর্তী ০৩(তিনি) দিনের মধ্যে নির্বাচন কমিশন বরাবর নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক আপিল আবেদন দাখিল করার বিধান রয়েছে। তদপ্রেক্ষিতে একাদশ জাতীয় সংসদের ২৮৫ চট্টগ্রাম-৮ নির্বাচনি এলাকার শুন্য আসনে উপ-নির্বাচন উপলক্ষে মনোনয়নপত্র দাখিলকারীদের মধ্য থেকে মনোনয়নপত্র বাছাইয়ের শেষ তারিখে ২জন প্রার্থীর মনোনয়নপত্র বাতিল হলে তাদের মধ্য হতে জাতীয় পার্টির প্রার্থী জনাব জিয়াউদ্দিন আহমেদ বাবলু রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাতিলাদেশের বিরুদ্ধে নির্বাচন কমিশন বরাবর আপিল আবেদন দাখিল করেন। আপিল আবেদন দাখিল করার নির্ধারিত তারিখের মধ্যে আরো অন্য কোন প্রার্থী বা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক আপিল দাখিল হলে উক্ত আপিল আবেদনসহ সকল আপিল আবেদনের শুনানি আগামী ১৯ ডিসেম্বর ২০১৯ খ্রি বৃহস্পতিবার বেলা ১২.০০ ঘটিকার সময় নির্বাচন ভবনের, ৪র্থ তলায় মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সভা কক্ষ-২ (বুম নং-৩১৪) এ অনুষ্ঠিত হবে।

২। বিষয়টি আপনাদের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

“
(বিপ্লব দেব নাথ)

সিনিয়র সহকারী সচিব (আইন-২)

ফোনঃ ০২৫৫০০৭৫৪২

বিতরণ (জেষ্ঠতার ক্রমানুসারে নথে):

- ১। যুগ্ম-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ২। সিটেম ম্যানেজার (ওয়েব সাইটে প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)
- ৩। উপ-সচিব (আইন)/(সাধারণ সেবা)/(নির্বাচন পরিচালনা-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
- ৪। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য);
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭। সহকারী সচিব (সাধারণ সেবা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সম্মেলন কক্ষে আসন বিন্যাস ও ২০ জনের আগ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য);
- ৮। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৯। অফিস কপি, আইন-২ শাখা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।